

তারিখ: ১৪ মার্চ, ২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সুনামগঞ্জ সরকারি কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৮/০৩/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১:০০ টায় ৪ নং কক্ষে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ-২০২৪ এর কলেজ পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের যথাসময়ে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

মেধা যাচাইয়ের পদ্ধতি:

০১। ভাষা ও সাহিত্য:

- ক) তাৎক্ষনিক রচনা (বাংলা ও ইংরেজি: নম্বর-১০+১০=২০)
- খ) গল্প বলা (নম্বর-১৫)
- গ) উপস্থিত বক্তৃতা (ইংরেজি: নম্বর-১৫)

০২। বিজ্ঞান (পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান):

- ক) এমসিকিউ (নম্বর-১০)
- খ) বিজ্ঞান বিষয়ক রচনা (নম্বর-১০)
- গ) বিজ্ঞান বিষয়ক প্রকল্প (নম্বর-৩০)

০৩। গণিত ও কম্পিউটার:

- ক) গণিত-লিখিত ও মৌখিক মূল্যায়ন (নম্বর-২০+১০=৩০)
- খ) কম্পিউটার- সমস্যা সমাধান (নম্বর-২০)

০৪। বাংলাদেশ স্টাডিজ (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান)

- ক) লিখিত সৃজনশীল (নম্বর-২০)
- খ) এমসিকিউ (নম্বর-১০)
- গ) মৌখিক (নম্বর-২০)

০৫। বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য):

- ক) লিখিত সৃজনশীল (নম্বর-২০)
- খ) এমসিকিউ (নম্বর-১০)
- গ) মৌখিক (নম্বর-২০)


(প্রফেসর মো. শামসুল আলম)

আইডি নং-৪২১৯

অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ


২৪/০৩/২৪